।।।।।।বেঙ্গল পার্টিশন রিপোসিটরী গবেষণা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের তৃতীয় সভা।।।

বেঙ্গল পার্টিশন রিপোসিটরী গবেষণা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের তৃতীয় সভা আগামী ২১এপ্রিল, রবিবার, বেলা ১টার সময় অনুষ্ঠিত হবে। এই সভায় প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা হবে। যেহেতু এই গবেষণা প্রকল্প ২০১৯সালের ডিসেম্বর মাসে একটি পার্টিশন বিষয়ক ডিজিটাল রিপোসিটরী জনসমক্ষে আনতে চলেছে, সেহেতু বিভিন্ন গবেষণা মূলক কাজ দ্রুত শেষ করা জরুরি।

দেশের সাধারণ নির্বাচন উপলক্ষ্যে আপাতত ফিল্ড সাক্ষাৎকার এর কাজ বন্ধ রাখা হয়েছে। ১জুন থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত শেষ পর্যায়ের কাজ হবে।

এই সভায় সকল নিবন্ধিত গবেষক ও টিচার কোওর্ডিনেটরদের উপস্থিত থাকতে অনুরোধ করা হচ্ছে। সকলকেই ব লা হচ্ছে তারা যেন সুনির্দিষ্ট ভাবে কী কী কাজ করতে পারবেন, কোন কোন বিষয়ে উপাদান সংগ্রহ করতে পারবেন সে বিষ য়ে স্পষ্টভাবে ভেবে আসেন। এই পর্যায়ে প্রদত্ত নির্দেশিকা-২ তে যে বিষয়গুলি বলা আছে সেগুলি সম্পর্কে আপনাদের সক্ষমতা ও অপারগতা না জানলে পরিকল্পনা করার অসুবিধে হচ্ছে।

যারা এই পর্যায়ে সাক্ষাৎকার নিয়েছেন তাদের টি এ বিল রেডি হয়েছে। সেগুলি যথাযথ ভাবে সাক্ষর করে নিয়ে যাবেন।

উত্তরবঙ্গে ফিল্ডের কাজ যারা করতে যেতে পারবেন তারা জানাবেন। সেক্ষেত্রে উল্লেখ করবেন কী কাজ তারা পারবেন।

নতুন যে গবেষকরা যুক্ত হয়েছেন তাদের এই সভায় উপস্থিতি বাধ্যতামূলক। যে বিষয় নিয়ে প্রশ্ন আছে, সেগুলি সম্পর্কে পরিস্কার ধারণা না থাকলে কাজে অসুবিধে হবে।

সভায় সাধারণ বৈকালিক চা-পানের ব্যবস্থা থাকবে।

(২১এপ্রিল, রবিবার, বেলা ১টা, সল্টলেক ক্যাম্পাস)

ধন্যবাদান্তে

মননকুমার মণ্ডল

(প্রকল্প পরিচালক

বেঙ্গল পার্টিশন রিপোসিটরী গবেষণা প্রকল্প

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়, কলকাতা)